

রানার উদ্যোগে পুষ্টি চাহিদা পূরণ

এস.এম. শাহিন রানার সৃজনশীল চিন্তা স্থাপন করল এক ব্যতিক্রমী দৃষ্টান্ত। পূরণ করল নিজের পরিবার এবং এলাকাবাসীর পুষ্টির চাহিদা। কোভিড-১৯ সংক্রামণের আতঙ্কে সারা দেশ লকডাউন। বিভিন্ন গণমাধ্যম, সামাজিক মাধ্যমে পুষ্টিকর খাবার, বিশেষ করে শাকসবজি খাওয়ার জন্য বিশেষজ্ঞদের পরামর্শ। আক্রান্ত নয়, প্রতিরোধ গড়ে তোলার জন্য আহ্বান জানায় সবাই।



রানা মার্চ ২০২০ এর শেষদিকে তার জমানো পাঁচ হাজার টাকা মূলধন আর বাবার কাছ থেকে ১০ শতক পরিত্যক্ত জমি নিয়ে কুমারখালী গ্রামে শুরু করেন সবজি চাষ। দুই মাস বাদে মূলধন এর টাকা বাদেও তার লাভ হয় পাঁচ হাজার টাকা অধিক। মুনফা হওয়ার পাশাপাশি বাগেরহাটের মোড়েলগঞ্জ উপজেলার কুমারখালী গ্রামের ৩০টি দারিদ্র পরিবারেরকে চিহ্নিত করেন তিনি এবং এই দরিদ্র পরিবারের পুষ্টির চাহিদা মেটানোর জন্য বিনামূল্যে নিয়মিত সবজির যোগান দেন। এছাড়াও রানা স্থানীয় কমিউনিটি ক্লিনিকের স্বাস্থ্য সেবার মান উন্নয়ন নিয়ে কাজ করেন দলগত ভাবে। তিনি বলেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর প্রশিক্ষণ, আমাকে নিজের এবং সমাজের জন্য নতুন করে ভাবতে শিখিয়েছে।

রাজশাহীতে করোনা এবং ডেঙ্গু মোকাবেলায় দুই নেতার উদ্যোগ

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের প্রশিক্ষণ সহায়ক আলী আকবর রুবেল এবং জাতীয় ফোরামের সাবেক সমন্বয়ক মোস্তাফিজুর রহমান সজল করোনা এবং ডেঙ্গু মোকাবেলায় যৌথ উদ্যোগে গ্রহণ করেছেন। বাংলাদেশে করোনাভাইরাস সনাক্ত হওয়ার পরপরই ২০ মার্চ থেকে এই দুই ইয়ুথ লিডার নিজ উদ্যোগে রাজশাহীর হড়গ্রাম নতুন পাড়ায় নিজ বাড়ির আশেপাশে জীবাণুনাশক ওষুধ ছিটানোর কার্যক্রম শুরু করেন। নিয়মিত জীবাণুনাশক ওষুধ দেওয়ার পাশাপাশি এলাকায় বহিরাগতদের কোয়ারেন্টাইন নিশ্চিত করার ক্ষেত্রেও তারা স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে যুক্ত হয়ে কাজ করছেন।

ঘূর্ণিঝড় আত্মপান

মানুষের পাশে পটুয়াখালীর ইয়ুথ লিডাররা

ঘূর্ণিঝড় আত্মপানের সম্ভাব্য ক্ষতি থেকে উপকূলীয় এলাকার মানুষদের নিরাপদ রাখতে সরকারি প্রশাসন এবং অন্যান্য সংগঠনের সাথে যুক্ত হয়ে কাজ করছেন পটুয়াখালীর ইয়ুথ এন্ডিং হাঙ্গারের সদস্যরা। ঝুঁকিপূর্ণ অবস্থানে থাকা মানুষদের সচেতন করা, তথ্য দেওয়া, আশ্রয় কেন্দ্রে যেতে সহায়তা করা, আশ্রয় কেন্দ্রে খাবার সরবরাহ ইত্যাদি কাজে স্বচ্ছাসেবক হিসেবে কাজ করছেন তারা।



২০ মে সারাদিন এবং সারারাত তাদের এই মানবিক সক্রিয়তা অব্যাহত থাকে। ইয়ুথ লিডার জহিরুল ইসলাম, এইচ আর হাসিব, মাহমুদ হাসান রায়হান প্রমুখ এ কাজে নেতৃত্ব দেন।

প্রতিবেদন: আওলাদ রাকিব, বরিশাল

তৃতীয় লিঙ্গের মানুষের পাশে ইয়ুথ

সিলেটে ১৭ মে ২০২০ তারিখে তৃতীয় লিঙ্গের মানুষদের খাদ্যসামগ্রী, মাস্ক, গ্লাভস দিল ইয়ুথ এন্ডিং হাঙ্গার সিলেট জেলা। এই কার্যক্রমে সহায়তা করেন ইয়ুথ মোবাইলাইজেশন ইউনিটের সাবেক সদস্য আশিকুর রহমান সজীব। সিলেট বিভাগের প্রাক্তন সমন্বয়কারী কামাল আলী গাজী, সিলেট জেলার প্রাক্তন সমন্বয়কারী মারুফুজ্জামান ওসিন, ইয়ুথ লিডার সালমান নাবিল এবং ইয়ুথ এন্ডিং হাঙ্গার সিলেট জেলা সমন্বয়কারী মোমিনুল হক ফাহিম এর নেতৃত্বে এই কর্মসূচি পরিচালিত হয়।

